তথ্যবিবরণী নম্বর-১২৮

**শুক্রবার শুরু হচ্ছে রাজশাহী বিভাগীয় বইমেলা**

রাজশাহী, ১৩ কার্তিক (২৯ অক্টোবর) :

প্রাণের মেলা বইমেলা। জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে রাজশাহী বিভাগীয় প্রশাসনের তত্ত্বাবধানে আগামী ৩১ অক্টোবর(শুক্রবার) শুরু হচ্ছে রাজশাহী বিভাগীয় বইমেলা। ৯ দিনব্যাপী এ বইমেলা চলবে ৮ নভেম্বর পর্যন্ত। ছুটির দিন বাদে মেলা চলবে বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত। আর ছুটির দিনে শুরু হবে বেলা ১১ টায়।

বিভাগীয় কমিশনার অফিস সূত্রে জানানো হয়েছে, এবারের বইমেলায় ৭০ উর্ধ্ব স্টল থাকবে। এসব স্টলে শোভা পাবে ঢাকার স্বনাম ধন্য প্রকাশনা প্রতিষ্ঠানের বিচিত্র সববই।

মেলায় প্রতিদিনই গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং প্রকাশকদের নিয়ে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। সন্ধ্যায় থাকবে সাংস্কৃতিক পরিবেশনা।

.........................................................
রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৫.৩০ ঘ.